REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।
সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

৯ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১০ই শ্রাবণ বুধবার ১৩২৯, ইংরাজী 26th July 1922 | ১১শ সংখ্যা।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১।০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া স্বয়ং আসিয়া বা করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী, পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড়, খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়। শ্রীশচীনন্দন দে

শ্রীবিভূতিভূষণ দে।

জঙ্গিপুর সাহেব বাজার, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৴০ আনা।

ডাঃ নন্দলাল পাল।

রঘুনাথগঞ্জ।

দর্পণ সাক্ষাতে রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

অং বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল।

প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল।

মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থমন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল।

কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শত্রু মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

আমাদের কেশরঞ্জন তৈল।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৷৵০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুধময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি	...	১।০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল	...	॥৴০ নয় আনা।

হতাশের আশার কথা----বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোং'র

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

হিলিংবাম

গত ২৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষে ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই প্রশংসাপত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৷০

স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ, গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত, সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

টাকার অষ্টোত্তর শতনাম।

—:০:—

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যোদ্দীপক অনুকরণ। মূল্য মাত্র /০ এক আনা। ৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া হয়।

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ অফিস।
পোঃ রঘুনাথগঞ্জ। (মুর্শিদাবাদ)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ।

১০ই শ্রাবণ বুধবার ১৩২৯ সাল।

জঙ্গিপুর খেয়া ঘাট।

—:০:—

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর এলাকায় খেয়াঘাট দুটী। একটী সহরের মধ্যে ও অপরটী সহরের দক্ষিণ প্রান্তে সহরেরটীতে লোকজন পারাপার হয় ও বাহিরেরটীতে গো-গাড়ী ইত্যাদি পার হইয়া থাকে। পূর্ব্ব বৎসর যে ইজারদার ঘাট লইয়াছিলেন এ বৎসরও তিনিই লইয়াছেন। এবারে ঘাটে বেশ একটু বেবন্দোবস্ত উপলব্ধি হইতেছে নাকি? বাহিরের অর্থাৎ গাড়ী পার করা ঘাটটীতে একখানি মাত্র নৌকা চলিতেছে। গো-গাড়ীর গাড়োয়ানদিগকে পারে যাইবার জন্য অনেক সময়ে উদয়গিরি অস্তগিরি অপেক্ষা করিতে হইতেছে। মানুষ পার হওয়া ঘাটে যে নৌকাতে মানুষ পার হইতেছে সেই নৌকাতে গরু ঘোড়া পার হইতেছে। ইজারদার মহাশয় বোধহয় বুঝিয়াছেন যে এখানকার গরু মানুষে কোন তফাৎ নাই তাই এক নৌকায় পার করিয়া উভয় জীবের সমত্ব প্রমাণ করিতেছেন। চেয়ারম্যান বাবু রবিবার ও ছুটির দিন ভিন্ন প্রত্যহই এই ঘাটে পার হন। ইহাই আমাদের ভরসা,— তিনি স্বচক্ষেই সমস্ত দেখিতে পান নিশ্চয়ই অচিরাৎ একটা সুব্যবস্থা করিবেন।

সর্পাঘাত।

—:০:—

এবারে অনেক মহাপ্রাণীর সর্পাঘাতে মৃত্যু সংবাদ পাওয়া যাইতেছে। গত দুই সপ্তাহের মধ্যে বালিঘাটার মুসলমান পাড়ার একটী স্ত্রীলোক ও একটী বালক ইহলীলা সম্বরণ করিয়াছে। মুরগী বসাইয়া অনেক গুলি মুরগী মরা সত্ত্বেও রোগী বাঁচিল না। সর্পাঘাতের ভাল ঔষধ আজও বাহির হইল না। আমাদের মনকে প্রবোধ দিবার একমাত্র কথা,

"যাকে খাবে কাল সাপে
কি করবে তার রোজার বাপে?"

সহরে জ্বর।

—:০:—

আজ কাল কোন গৃহস্থের বাটীতে দুইটী তিনটী বা ততোধিক জ্বর রোগী দেখা যাইতেছে। এই তো ম্যালেরিয়ার মরসুম আরম্ভ হইল। এইবারে পুরোদস্তুর ধুম ধাম লাগে আর কি। আমাদের আর ভাবনা কি আমরা তো ম্যালেরিয়ার বাঁধা মক্কেল। যখন ইচ্ছা তখনই ধর আপত্তিটী করিব না। তবে হরিভক্তগণ যেমন গায়,—

"পালারে পালারে শমন
নিতাই হরির নাম এনেছে"

আমরাও তেমনি গাহিতে পারি,—

"পালারে পালারে ম্যালেরিয়া
এবার ড্রেনে জল ঢুকেছে"।

মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ডের সভ্য নির্ব্বাচন।

—:০:—

নিম্নলিখিত মহকুমা হইতে নিম্নলিখিত মহোদয়গণ মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্টবোর্ডের সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। এক্ষণে গভর্ণমেণ্ট মনোনয়ে যে সকল সভ্য নিযুক্ত হইবেন তাঁহাদিগের লইয়া নূতন ডিষ্ট্রীক্টবোর্ড সংগঠিত হইবে এবং তৎপরে বোর্ডের চেয়ারম্যান ও ভাইসচেয়ারম্যান নির্ব্বাচিত হইবেন। যত শীঘ্র বোর্ড সংগঠিত হইবে ততই এ জেলার পক্ষে মঙ্গল। দেখা যাইতেছে যে হিন্দু সভ্য অপেক্ষা মুসলমান ভ্রাতাদের সংখ্যাধিক্য যেন কিছু বেশী হইয়াছে।

সদর লোকাল বোর্ড হইতে—
মৌঃ আবদার সামাদ বি. এ,
মুন্সি ফৈরজুদ্দিন সরকার
বাবু ভোলানাথ বন্দোপাধ্যায়
মৌঃ মহম্মদ গোলাম পঞ্জাতন
সেখ মহম্মদ আয়ুব মিঞা

কান্দি হইতে—
রাজা মুনীন্দ্রচন্দ্র সিংহ এম, বি,
বাবু দ্বিজপদ ব্যানার্জ্জি বি, এল,
বাবু শরৎকৃষ্ণ ঘোষ মৌলিক
মৌঃ হাজি খন্দকার মহম্মদ হোসেন

জালবাগ হইতে—
রাজা বাহাদুর ভূপেন্দ্রনারায়ণ রায় বি, এ,
বাবু সুরেন্দ্রনারায়ণ সিংহ এম, এল, সি,
কাজি মৌজুদ্দিন

জঙ্গিপুর হইতে—
মৌঃ সৈয়দ আবুল ফজল
মুন্সি বোগদাদ বিশ্বাস
ডাঃ সাখাউৎ হোসেন
বাবু জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী।

সদর লোকাল বোর্ড হইতে মাননীয় স্যার মণীন্দ্র চন্দ্র নন্দী, কে, সি, আই, ই, বাহাদুর ও শ্রীযুক্ত বাবু রমণীমোহন সেন মহোদয় বোর্ডের মেম্বার নির্ব্বাচিত হন নাই।

জঙ্গিপুরে শ্রীযুত হরদয়াল নাগ।

—:০:—

গত শুক্রবার বৈকালে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটির সাথা শ্রীযুত হরদয়াল নাগ মহাশয় মুর্শিদাবাদ কংগ্রেস কমিটির মণীন্দ্র বাবুকে সঙ্গে লইয়া জঙ্গিপুর শুভাগমন করিয়াছিলেন। সেইদিন সন্ধ্যাকালে জঙ্গিপুরে রাজা বিজয় সিংহের কুঠীর নিকটস্থ মসজিদ প্রাঙ্গনে এক সভা আহূত হয়। জঙ্গিপুর কংগ্রেস কমিটির সেক্রেটারী হেমন্ত বাবু সভাপতি হইয়াছিলেন। মণীন্দ্র বাবু ও নাগ মহাশয় সাধারণকে খদ্দর পরিবার জন্য ও চরকা চালাইবার উপদেশ দিয়া বক্তৃতা করিয়াছিলেন। তাঁহাদের বক্তৃতায় শ্মশান বৈরাগ্যের মত চাঞ্চল্য হওয়া স্বাভাবিক কিন্তু তারপর যার যেমন মন তেমনি হওয়াও বিচিত্র নহে। পরদিন শনিবার প্রাতে রঘুনাথগঞ্জের অনসূয়া কুনিরে চরকা ও তাঁত দেখিয়া ৮টার ট্রেণে জঙ্গি ত্যাগ করিয়াছেন।

ধান ও বান।

—:০:—

এবার বৃষ্টিতে বৃষ্টিতে ভাদুই ধান্য বড় একটা মাথা তুলিতে পারে নাই। যাহাও বা হইয়াছিল গঙ্গার বন্যায় তাহাও বুঝি তলাইয়া যায়। শ্রাবণের প্রারম্ভেই এবার অন্যান্য বৎসরের মত বন্যা হইল।

ম্যালেরিয়া নাশক ড্রেন।

—:০:—

ডাক্তার বেণ্টলীর প্রবর্ত্তিত 'এণ্টিম্যালেরিয়াল ড্রেনের ভিতরে জল প্রবেশ করিয়াছে। জলের এই প্রথম বৃদ্ধিতেই জঙ্গিপুরের মির্দ্ধাপাড়া ডুবুডুবু। অপরম্বা কিং ভবিষ্যতি। ধৌতি প্রকরণ দ্বারা মেলেরিয়ার জনক মশক নিধন করাই এই ড্রেনের উদ্দেশ্য। কিন্তু ঘর বাড়ী পতন নিশ্চয়ই উদ্দেশ্য নহে। জঙ্গিপুরের কোন কোন পল্লীবাসী রোগশূন্য হইতে গিয়া গৃহ শূন্য হন ইহাও বাঞ্ছনীয় নহে। কর্ত্তৃপক্ষ নেক নজর করুন যেন পোকা মরিতে এঁড়ে না মরে।

দেশের জন্য প্রায়োপবেশন।

—:০:—

সন্ন্যাসী সচ্চিদানন্দ স্বামী ৫জন সহকর্ম্মী-সহ দেশের মঙ্গলের জন্য গত ২৮শে আষাঢ় হইতে প্রায়োপবেশন ব্রত গ্রহণ করিয়াছেন। শুনিতেছি নাকি এমন শতাধিক সন্ন্যাসী এই ব্রত উদ্‌যাপনের জন্য প্রস্তুত আছেন। তাঁহারা রাত্রিকালে মাত্র এক পাত্র গরম জল খাইয়া দিনের পর দিন কাটাইতেছেন। সন্ন্যাসীগণের এই প্রাণের আবেদন কি হিন্দু ব্যবসায়ীদিগের নিকট বিফল হইবে? সন্ন্যাসীগণের এইরূপে আত্মবলির দাম কি দেশদ্রোহীদিগের পক্ষে মঙ্গলদায়ক হইবে?

ডাঃ কিশোরীমোহন সিংহ এম, বি,

চক্ষু চিকিৎসায় বিশেষজ্ঞ

—:০:—

মেডিক্যাল কলেজ হাসপাতাল ও দ্বারভাঙ্গা সরকারি হাসপাতালের ভূতপূর্ব্ব সুপ্রতিষ্ঠ চিকিৎসক।

সর্ব্বপ্রকার চক্ষুরোগ চিকিৎসা

ও বৈজ্ঞানিক উপায়ে চক্ষু পরীক্ষা করিয়া চশমার ব্যবস্থা ও ব্যবস্থানুযায়ী প্রকৃত চশমা সংগ্রহ করিয়া দিয়া থাকেন।

যাবতীয় দুর্ব্বোধ ও দুরারোগ্য ব্যাধি

রক্ত কফ প্রস্রাবাদি পরীক্ষা করিয়া

রোগ নির্দ্ধারণ পূর্ব্বক আধুনিক বৈজ্ঞানিক উপায়ে ভ্যাক্সিন ও এণ্টিটক্সিন আদি ইন্‌জেক্‌সন ও ঔষধ প্রয়োগ করতঃ আরাম করেন।

চিকিৎসার্থী মফঃস্বলবাসীগণ—

কলিকাতা মহানগরীতে উপস্থিত হইয়া সুচিকিৎসকের সন্ধান করিতে বিশেষ বেগ পাইয়া থাকেন। তাঁহাদের অসুবিধা দূরীকরণের বিজ্ঞাপন এই দেওয়া হইল।

রোগী দেখা ও পরামর্শের সময় ও স্থান :—

প্রাতে ৭টা হইতে ৯টা পর্য্যন্ত—নিজ বাসাবাটী ৫০।৩ হারিশ মুখার্জ্জির রোড ভবানিপুর, কলিকাতা।

বৈকালে ৪টা হইতে ৬টা পর্য্যন্ত—মেডিকেল বোর্ড
১৯৭ কর্ণওয়ালিস ষ্ট্রীট,
কলিকাতা।

নীলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী-আদালত।
নিলামের দিন ১৮ই আগষ্ট ১৯২২।

—:০:—

১৪৫ থাং ডিঃ নিরঞ্জনকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় নাবালক পক্ষে অলি মাতা ত্রিনয়নী দেবী দেঃ জাহিদ মোমিন দাবি ১৫৷৷০ পং মঙ্গলপুর মৌঃ সেরপুর ৷৷০৷৷০ কাত ১৮৶৷৷০ আঃ ১০৲

১৮৫ থাং ডিঃ স্বরস্বতী দেবী দেঃ ষষ্ঠীরাম মণ্ডল দিং দাবি ১৬৶৯ পং দশহাজারি হিসাব ৷৶০ আনা মৌঃ চাঁচল ৭৷৷০ কাত ৩৷৶১ ৷৷০ আঃ ১০৲

১৮১ থাং ডিঃ এজান বিবি ও তৈয়ব মণ্ডল দেঃ হরিগোপাল ভঞ্জ দিং দাবি ১৯৮৶০ পং গণকর মৌঃ নওয়াদা ১৮০ কাত ২৷৷৶১০ আঃ ২০৲

১৭৯ থাং ডিঃ গোকুল চন্দ্র রায় দিং দেঃ ফজলু সেখ দিং দাবি ৯৬৷৷৶০ পং গণকর মৌঃ খিদিরপুর ১২৷৷০৷৶০ কাত ১৩৮১০৷৷০ আঃ ৫০৲

১৭৫ থাং ডিঃ ঐ দেঃ গৌর বারিক দাবি ২৫৶৬ পং গণকর মৌঃ গুজুরপুর ৷৩৶ কাত ৩৶১৩৮০ আঃ ৫৲

১৭৪ থাং ডিঃ ঐ দেঃ অমূল্য মাঝি দাবি ১২৷৷৶৩ পং ঐ মৌঃ রাঘবেন্দ্রবাটী ৷৷২ কাত ১৶০ আঃ ৫৲

১৩৪ থাং ডিঃ ৺বৃন্দাবন দেব ঠাকুর পক্ষে সেবাইত কৃষ্ণ চন্দ্র বড়াল দিং দেঃ যদুপতি রায় দিং দাবি ৪৮৲ পং গণকর মৌঃ চাঁদপাড়া ৫৶০ কাত ৭৷৷৶১৯ আঃ ৬৲

১৩৭ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি ৩৮৷৷৶০ পং ঐ মৌঃ ঐ ৩।৩ কাত ৫৷৷৶১৭ আঃ ৭৲

১৩৬ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি ৪৭৷৷৶০ পং দেওয়া নাই মৌঃ পশুই ৩৮৪ কাত ৭৷৷৶০ আঃ ৭৲

১৩৫ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি ৬৮।৶৯ পং দেওয়া নাই মৌঃ ভূমিহর ৬৶০ কাত ১১৲ আঃ ৬৲

২৬৬ মনি ডিঃ মধুসূদন সাহা দেঃ দুঃখু সেখ দাবি ৯০৬ পং কুঙর-প্রতাপ মৌঃ কাঁকরিয়া ১৩ কাত ৩৷৷৶৪ আঃ ২৫৲

২৪০ পেটী ডিঃ যজ্ঞ নলিনী দাসী দেঃ রমেন্দ্র নারায়ণ চট্টোপাধ্যায় দাবি ৩২৮৯ পং গণকর মৌঃ ভূমিহর নিস্কর ২৷৷০ কাত— আঃ ২৪৲

১৬৭ মনি ডিঃ কার্ত্তিক রাম ভকত দেঃ আনাদি সেখ দাবি ৭৩৪৮৶৬ পং রুকুনপুর মৌঃ কলাইডাঙ্গা ৫৮৪৷৷০ কাত ৪।৶১৪ আঃ ১৫০৲ ২। পং কাঁকজোল মৌঃ আলাইপুর ৩৮০৷৷০ কাত ৫৶০ আঃ ১৫০৲

১৩৫ রেহাণ ডিঃ মধুসূদন সাহা দেঃ খোসবর সেখ দিং দাবি ১৪৮৮৶৬ পং রাজসাহী মৌঃ মহাম্মদপুর ।১ কাত ১৲ আঃ ১৫৲ ২। ঐ পরগণাদিতে ।০ কাত ১৷৷৶১৫ আঃ ২৫৲

ডাকাতির সংখ্যা।

—:০:—

১৯২১ সালে মে মাসে সারা বাঙ্গালা দেশে ৭৫টী ডাকাতি হয়ে ছিল। গত মে মাসে ১০৯টী ও জুন মাসে ৯০টী। আর এই জুলাই মাসে এক সপ্তাহের মধ্যে ১২টী ডাকাতি হয়েছে। তাহলে দেখা যায়, ডাকাতির সংখ্যা বেশ বেড়েছে। এতদিন নয়, সরকার বাহাদুরের কর্ম্মচারীরা নন-কো নিয়ে খুব ব্যস্ত ছিলেন, এখন ত কোমর বেঁধে তাদের ধরবার জন্য লাগতে পারেন! সনাতন।

স্থান পরিবর্ত্তন।

—:০:—

রঘুনাথগঞ্জের কবিরাজ শ্রীযতীন্দ্রনারায়ণ সেনগুপ্ত তাঁহার সাবেক বাসা হইতে এক্ষণে পুরাতন ডাকঘরের দক্ষিণ ও মধুবাবু উকীলের বাটীর উত্তরে পাকা ঘরে উঠিয়া আসিয়াছেন সাধারণের জ্ঞাতার্থে নিবেদন।

কেন ?

আমাদের জীবন দশা।

অর্থাৎ

আমাদের অধঃপতনের মূল কারণ ইন্দ্রিয় সংযম না করিবার পরিণাম, বসবাসের অবস্থা, অসঙ্গত ভোজন পদ্ধতি, মন সংযমের উপকারিতা এবং আমাদের এই দুরবস্থা কবে অপনীত হইবে ইত্যাদি বিষয় বিশদরূপে বর্ণিত পুস্তক বিনা-মূল্যে এবং বিনা মাশুলে বিতরণ করা হয়। এই সুযোগ অধিক দিন থাকিবেনা; অদ্যই পত্র লিখুন; বিলম্বে নিরাশও হইতে পারেন।

চন্দ্রপ্রভা বটিকা।

ইহা সেবনে নূতন পুরাতন মেহ, মূত্র কৃচ্ছ, কোষবৃদ্ধি. অর্শ, শ্বেত ও রক্ত প্রদর এবং সূতিকা রোগ দূর হয়। ১৬ ষোল বটিকা পূর্ণ এক কৌটার মূল্য কেবলমাত্র ১৲ এক টাকা।

কবিরাজ—

মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়

২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

ইলেক্ট্রিক সল্টউষন

মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে আশু অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ. বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

কেবল দেড় টাকায়

প্রত্যেকেরই নিত্য প্রয়োজনীয়

নিম্নলিখিত ৬ দফার যে কোন জিনিষ পাইবেন।

এক সঙ্গে ৬ দফা জিনিষ ৮৲ টাকায় পাইবেন।

PAID.
URGENT.
DUPLICATE.
CANCELLED.
BOOK-POST.
REPLIED.
COPIED.
REGISTERED.
REFUSED.
Original.
Reference No.
STAMPED.

১। ওয়ার্ড ষ্ট্যাম্প—উপরের নমুনা অনুযায়ী ১২ টি রবার ষ্ট্যাম্প।
২। রবার ষ্ট্যাম্প—বাদামী, গোল, স্কোয়ার ইত্যাদি নানা রকমের fancy ডিজাইনে নাম ও ঠিকানা যুক্ত।
৩। নম্বারিং রবার ষ্ট্যাম্প—ইহাতে ৯৯৯৯ পর্য্যন্ত নম্বর করা যাইবে।
৪। ডেটিং ষ্ট্যাম্প—তারিখ, মাস ও সন বদলান যাইবে।
৫। পকেট প্রেস—A হইতে Z সমস্ত অক্ষর আছে।
৬। পিতলের শিলমোহর—[illegible]লের হাণ্ডেল যুক্ত রেজেষ্টারী চিঠিপত্রে গালায় ছাপি[illegible], কালিতেও ছাপা চলে। নাম বা মনোগ্রাম পাঠা[illegible] প্রস্তুত হয়।

আর, এন, [illegible] এণ্ড কোং এনগ্রেভার

সুরমা

ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।



বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৶০ এক টাকা পাঁচ আনা।

সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দুরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা: ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটবাজার, কলিকাতা।

বিনা অস্ত্রে আরোগ্য

অপেরীণ।

সর্ব্ব প্রকার ফোঁড়া, ব্রণ, বাগী, ফুলা এমন কি পৃষ্ঠব্রণ, ভগন্দর প্রভৃতি কঠিন ও অসাধ্য রোগের অব্যর্থ এবং একমাত্র মহৌষধ। যাহারা অস্ত্র চিকিৎসার বিপক্ষ এবং ইহাতে ভীত হন, তাহাদের পক্ষে "অপেরীণ" একমাত্র সুহৃদ ও অতি উৎকৃষ্ট অলৌকিক আবিষ্কার। ইহা বাহ্য প্রয়োগেই সম্পূর্ণ ফল পাওয়া যায় এবং কোনরূপ জ্বালা যন্ত্রণার বা পারদাদি মিশ্রিত অনিষ্টকর পদার্থ নাই। যে কোনরূপ ফোঁড়া বাগী হউক না কেন, ইহা প্রথম অবস্থায় প্রয়োগ করিলে মন্ত্রের ন্যায় বসিয়া যাইবে এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায় এরূপ আশু হিতকারী মহৌষধ প্রত্যেক গৃহস্থেরই অন্ততঃ ১ এক শিশি গৃহে রাখা আবশ্যক। সাধারণের পরীক্ষা প্রার্থনীয়।

প্রতি শিশির মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥০ আনা।

একত্রে ৩ " " ৩৲ " " "

সোল এজেণ্ট—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস্।

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।